



নিউ ইয়র্ক এর অভিবাসী বাসিন্দাদের জন্য সুযোগ-সুবিধা সম্পর্কিত নির্দেশিকা



নিউ ইয়র্ক এর সব বাসিন্দা কোনও ভয় না পেয়ে পরিচর্যা এবং সহায়তা চাইতে পারেন

অভিবাসন সম্পর্কিত আইনি সহায়তা

ActionNYC-কে **800-354-0365** নম্বরে, সোমবার থেকে শুক্রবার, সকাল 9টা থেকে সন্ধ্যা 6টার মধ্যে বিনামূল্যে, নিরাপদ অভিবাসন সম্পর্কিত আইনি সহায়তার জন্য কল করুন। শুধু কোনও বিশ্বস্ত, লাইসেন্সপ্রাপ্ত অ্যাটর্নি অথবা স্বীকৃত প্রতিনিধির কাছ থেকে সহায়তা নিন।



অভিবাসী পরিবারগুলিকে সহায়তা করা

স্বাস্থ্য পরিচর্যা

- COVID-19 এর জন্য টিকানাওয়া, পরিচর্যা নেওয়া, পরীক্ষা করানো অথবা চিকিৎসা করার কারণে আপনার অভিবাসন স্থিতি প্রভাবিত হবে না। [nyc.gov/covidtest](https://www.nyc.gov/covidtest) এ অথবা **212-COVID19 (212-268-4319)** এ কল করে আপনার কাছাকাছি বিনামূল্যে পরীক্ষার একটি স্থানের সন্ধান করুন।
- [nyc.gov/getcoverednyc](https://www.nyc.gov/getcoverednyc) এ বিনামূল্যে পরিকল্পনা সহ স্বাস্থ্য বিমা পরিকল্পনাগুলিতে তালিকাভুক্ত হোন অথবা **311** এ কল করুন। আপনি যদি স্বাস্থ্য বিমার জন্য যোগ্য না হন তবে NYC Care অল্প খরচে অথবা বিনামূল্যে পরিষেবার গ্যারান্টি দেয়। অভিবাসন স্থিতি গুরুত্বপূর্ণ নয়। **646-NYC-Care (646-692-2273)** এ কল করুন অথবা [nycare.nyc](https://www.nycare.nyc) দেখুন।
- মানসিক চাপ অথবা উদ্বেগ অনুভব করছেন? গোপনীয় সহায়তার জন্য এবং মানসিক স্বাস্থ্য পরিচর্যা এবং মাদক ব্যবহারজনিত সুযোগ-সুবিধাগুলির সঙ্গে সংযোগ স্থাপনের জন্য NYC Well পরামর্শদাতার সঙ্গে কথা বলুন। [nyc.gov/nycwell](https://www.nyc.gov/nycwell) দেখুন, **888-NYC-Well (888-692-9355)** এ কল করুন, অথবা WELL লিখে **65173** নম্বরে টেকস্ট পাঠান।



শিক্ষা

- NYC-র 4 বছর বয়সী সমস্ত শিশুরা প্রাক-কিওয়ারগার্টেন-এর জন্য যোগ্য এবং 21 বছর বয়স না হওয়া পর্যন্ত পাবলিক স্কুলে পড়তে পারবে। কোনও কোনও প্রতিবেশের এলাকায় “3-K”ও 3 বছরের শিশুদের জন্য লভ্য হতে পারে। তালিকাভুক্ত হতে schools.nyc.gov/enrollment দেখুন অথবা কল করুন **311** নম্বরে।
- We Speak NYC এর সঙ্গে বিনামূল্যে ইংরেজি শিখুন। ইংরেজি ভাষার মধ্যবর্তী স্তরের শিক্ষার্থীরা অনলাইন-এ কথোপকথন সংক্রান্ত ক্লাসের জন্য নাম লেখানোর লক্ষ্যে wespeaknyc.cityofnewyork.us দেখতে পারেন।

জরুরি খাদ্য

- NYC জুড়ে বিভিন্ন স্থানে বিনামূল্যে নিরামিষ, হালাল এবং কোশের খাবার পাওয়া যায়। নিউ ইয়র্ক এর যোগ্য বাসিন্দাদের জন্য খাবার পৌঁছে দেওয়ার ব্যবস্থা আছে। [nyc.gov/getfood](https://www.nyc.gov/getfood) এ আরও জানুন অথবা **311** এ কল করুন এবং “Get Food” বলুন।

আমাদের সম্প্রদায়সমূহকে সুবক্ষিত রাখা

জন নিরাপত্তা

- আইন অনুসারে, NYPD অপরাধের শিকার, সাক্ষী, অথবা অন্যান্য ব্যক্তিদের সাহায্যের জন্য অভিবাসন স্থিতি সম্পর্কে জিজ্ঞাসা করতে পারে না। যদি কেউ কোনও অপরাধের শিকার হন অথবা কোনও অপরাধ প্রত্যক্ষ করেন, তাহলে অবশ্যই **911** নম্বরে কল করবেন।

বৈষম্যের বিরুদ্ধে সুবক্ষা

- নিউ ইয়র্ক সিটিতে জাতি, ধর্ম অথবা অভিবাসন স্থিতির ভিত্তিতে কারও বিরুদ্ধে বৈষম্য, প্রতিশোধ এবং হয়রানি সহ্য করা হয় না। হয়রানি অথবা বৈষম্য সম্পর্কে জানানোর জন্য, মানবাধিকার সম্পর্কিত NYC কমিশনকে **212-416-0197** এ কল করুন।



IDNYC

- IDNYC হ'ল 10 বছর অথবা তার বেশি বয়সের সমস্ত NYC বাসিন্দাদের জন্য নিখরচায় সরকার প্রদত্ত সচিব পরিচয় কার্ড যা বিভিন্ন পরিষেবা এবং ছাড়ের ক্ষেত্রে প্রবেশাধিকার দেয়। IDNYC এর জন্য আবেদনকারীর তথ্য গোপনীয়। অভিবাসন স্থিতি গুরুত্বপূর্ণ নয়। অনলাইন-এ পুনর্নবীকরণ করুন অথবা [nyc.gov/idnyc](https://www.nyc.gov/idnyc) এ নাম নথিভুক্ত করতে অ্যাপয়েন্টমেন্ট করুন অথবা কল করুন **311** নম্বরে।

পারিবারিক নিপীড়নের ক্ষেত্রে সুবক্ষা

- আপনি নিপীড়নের শিকার হলে সিটি আপনাকে সহায়তা করার জন্য এখানে রয়েছে। আপনি [nyc.gov/nychope](https://www.nyc.gov/nychope) দেখতে পারেন অথবা NYC-র পারিবারিক নিপীড়ন হটলাইন-এ **800-621-HOPE** নম্বরে কল করতে পারেন।

আপনার অধিকার আছে

ICE (ইমিগ্রেশন এনফোর্সমেন্ট) এর সাহায্যে আপনার অধিকারগুলি জানুন

- সিটি অভিবাসন বিধি বলবৎ করে না। ফেডারেল এর অভিবাসন বলবৎকারী যদি আপনার সঙ্গে যোগাযোগ করেন, তাহলেও আপনার অধিকার আছে। [nyc.gov/knowyourrights](https://www.nyc.gov/knowyourrights) দেখুন অথবা অভিবাসন সংক্রান্ত অবাধ ও নিরাপদ আইনি সাহায্যের জন্য **800-354-0365** নম্বরে ActionNYC-কে কল করুন।

ভাড়াটীদের অধিকার

- আপনি যদি বাসিন্দা হিসেবে ভাড়াটে হন এবং উচ্ছেদ অথবা আপনার বাড়ির মালিক সম্পর্কিত যে কোনও সমস্যার জন্য সহায়তার প্রয়োজন হয়, তাহলে বিনামূল্যে আইনি সহায়তার জন্য [nyc.gov/tenantprotection](https://www.nyc.gov/tenantprotection) দেখুন অথবা **311** নম্বরে কল করে “tenant helpline” বলুন। আবাসন সংক্রান্ত আরও সহায়তার জন্য [nyc.gov/housing](https://www.nyc.gov/housing) দেখুন।

কর্মীদের অধিকার

- নিউ ইয়র্ক সিটির আইনের অধীনে আপনার অসুস্থতাজনিত ছুটি পাওয়ার অধিকার আছে। অভিবাসন স্থিতি গুরুত্বপূর্ণ নয়। নিউ ইয়র্ক এর যেসব অভিবাসী বাসিন্দার কাজের অনুমতি আছে, তাঁরা বেকারত্বজনিত বিমা সুবিধার যোগ্য হতে পারেন। সুযোগ-সুবিধা সম্পর্কে জানার জন্য [nyc.gov/workers](https://www.nyc.gov/workers) দেখুন অথবা **212-436-0381** নম্বরে কল করুন।

Ask MOIA হটলাইন

- যদি অভিবাসন অথবা সিটি-র পরিষেবাগুলিতে কীভাবে প্রবেশাধিকার পাবেন সে বিষয়ে প্রশ্ন থাকে, তাহলে আপনার ভাষায় সহায়তা পাওয়া যায়। অভিবাসন বিষয়ক মেয়রের কার্যালয় (MOIA) এর হটলাইন-এ **212-788-7654** নম্বরে সোমবার থেকে শুক্রবার, সকাল 9টা থেকে বিকাল 5টা পর্যন্ত কল করুন অথবা ই-মেল পাঠান এই ঠিকানা: askmoia@cityhall.nyc.gov।

